Akashbani Kolkata

Regional News Unit

Date: 03.11.2026 **Desk in Charge :- SDG**
Time: 7-50 PM **Edit & Compile.: NBR**
DEO :- KB **NRT: Namami Basu Rudra**

Annoucement - আকাশবাণী/খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ-

১/ তৃণমূল কংগ্রেস সহ বিরোধী দলের সদস্যরা, দিল্লিতে গিয়ে দেশে অস্থিরতা সৃষ্টি করার চেষ্টা চালাচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। # কালিম্পং মেডিক্যাল কলেজের শিলান্যাস আগামী ৯'ই ডিসেম্বর হবে বলেও তিনি জানান।

২/ যেকোন স্থানে নির্দিষ্ট সময়ের জন্যই যে কেউ প্রতিবাদ প্রদর্শন করতেই পারেন, তবে তা অনন্তকাল ধরে চলতে পারেনা বলে সুপ্রীম কোর্ট মত প্রকাশ করেছে।

৩/ নির্বাচনের সঙ্গে যুক্ত সাত নম্বর ফর্ম জমা দেওয়ার ক্ষেত্রে চলতি নিয়মের বিরোধিতা করেছে তৃণমূল কংগ্রেস, কংগ্রেস ও বামফ্রন্ট।

৪/ বিশ্বব্যাপী রাজনৈতিক ও অর্থনৈতিক সমস্যার মধ্যেও ভারতের গড় অভ্যন্তরীণ উৎপাদন ক্রমবর্ধমান বলে প্রধানমন্ত্রী অর্থনৈতিক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান এস মহেন্দ্র দেব মন্তব্য করেছেন।

৫/ গঙ্গাসাগর মেলাকে আন্তর্জাতিক মানে পৌঁছে দিতে একগুচ্ছ পরিকল্পনা নিয়েছে রাজ্য সরকার।

৬/ ইডেনে রঞ্জি ট্রফির ম্যাচে বাংলার বিরুদ্ধে মহারাষ্ট্র প্রথম ইনিংসে ৬৪ রানে এগিয়ে গেছে।

****

তৃণমূল কংগ্রেস সহ বিরোধী দলের সদস্যরা, দিল্লিতে গিয়ে দেশে অস্থিরতা সৃষ্টি করার চেষ্টা চালাচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। তিনি আজ শিলিগুড়িতে 'গণতন্ত্র বাঁচাও-অরাজকতা হটাও' মিছিলে নেতৃত্ব দেন। বাঘাযতীন পার্ক থেকে শুরু হয়ে মহাত্মা গান্ধী মোড়ে গিয়ে মিছিল শেষ হয়। কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সহ রাজ্যের একাধিক মন্ত্রী সাংসদ ও বিধায়কেরা উপস্থিত ছিলেন। যোগ দেন বহু দলীয় কর্মী সমর্থক ও সাধারণ মানুষ। মিছিল শেষে মুখ্যমন্ত্রী, SIR বাতিলের জন্য বিরোধীরা যে ভূমিকা নিয়েছে, তার তীব্র সমালোচনা করেন।

(বাইট- শুভেন্দু/ বিরোধী দল)

এরপর মুখ্যমন্ত্রী, শিলিগুড়ি পুরনিগমে গিয়ে সেখানকার প্রশাসক, কমিশনার, দার্জিলিং-এর সাংসদ রাজু বিস্তা ও শিলিগুড়ির বিধায়ক, পর্যটন মন্ত্রী শঙ্কর ঘোষের সঙ্গে নানা বিষয়ে মতবিনিময় করেন। শিলিগুড়ি পুরনিগমের প্রতি বঞ্চনার অভিযোগ তুলে তিনি এলাকা উন্নয়নে আগামী দিনে আরো কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

(বাইট- শুভেন্দু/শিলিগুড়ি)

এর আগে, উত্তরকন্যায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ এক প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে যোগ দেন। দার্জিলিং পাহাড়, তরাই, ডুয়ার্স ও উত্তরবঙ্গের উন্নয়নের জন্য একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য আজ অনুমোদন মিলেছে।

আগামী ৯'ই ডিসেম্বর মুখ্যমন্ত্রী, কালিম্পং মেডিক্যাল কলেজের শিলান্যাস করবেন। পাশাপাশি বৈঠকে কার্শিয়াং থেকে দার্জিলিং পর্যন্ত প্রায় ২১ কিলোমিটার দীর্ঘ রোপওয়ে প্রকল্পের অনুমোদনও দেওয়া হয়েছে।

****

দেশের মানুষ বিরোধীদের অরাজকতার জবাব দেবে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক স্মৃতি ইরানি অভিযোগ করেন, দেশের বিরোধী দলনেতা রাহুল গান্ধীর নেতৃত্বে কংগ্রেস সহ বিরোধী দলগুলি পরাজয় স্বীকার করতে না পেরে নির্বাচন কমিশনের উপর দায় চাপাচ্ছে।

বিরোধিদের এই আন্দোলনে দেশবিরোধী শক্তিগুলি সমর্থন জানাচ্ছে। তবে ১৯৫২সাল থেকে ২০২৫সাল পর্যন্ত দেশে ১২বার এসআইআর হয়েছে। এরমধ্যে ১০বার কংগ্রেস ক্ষমতায় ছিল। তিনি বলেন, ২০১৪ সাল থেকে ২০২৫ সাল পর্যন্ত কংগ্রেস সারাদেশে ৫৬টি বিধানসভা নির্বাচনে পরাজিত হয়েছে। নিজেদের পরাজয় মেনে নিতে না পেরে এসআইআর-কে দায়ী করছে তারা। শ্রীমতি ইরানি আরো অভিযোগ করেন,তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি এরাজ্যে গণতন্ত্রকে পদদলিত করে আজ দিল্লিতে গিয়ে লুটের কথা বলছেন। দিল্লিতে একসঙ্গে আন্দোলন করলেও এই রাজ্যে তৃণমূল কংগ্রেস কেন বামফ্রন্ট ও কংগ্রেসের সঙ্গে যৌথভাবে আন্দোলন করছে না তা নিয়েও শ্রীমতি ইরাণী প্রশ্ন তোলেন।

সাংবাদিক বৈঠকে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য জানিয়েছেন, এস আই আর প্রক্রিয়া সঠিকভাবে করা গেলে ভোটার তালিকা থেকে আরো ৩০লক্ষ অবৈধ নাম বাদ দেওয়া সম্ভব হতো।

****

যেকোন স্থানে নির্দিষ্ট সময়ের জন্যই যে কেউ প্রতিবাদ প্রদর্শন করতেই পারেন তবে তা অনন্ত কাল ধরে চলতে পারেনা বলে সুপ্রীম কোর্ট মত প্রকাশ করেছে। SIR প্রক্রিয়া বাতিল ও মুখ্যনির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগ চেয়ে দিল্লির যন্তর মন্তরে ককরোচ জনতা পার্টির লাগাতার আন্দোলনের প্রেক্ষিতে দায়ের হওয়া একগুচ্ছ মামলার শুনানির সময় প্রধান বিচারপতি সূর্যকান্ত ও দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও ভি মোহনার বেঞ্চ আজ এই মত ব্যক্ত করেছে। শীর্ষ আদালত এক পর্যবেক্ষনে জানিয়েছে, প্রতিবাদের অধিকারের পাশাপাশি জীবন যাপনের অধিকার, ব্যাবসা বাণিজ্য এবং দৈনিক মজুরির ভিত্তিতে কাজ করা কর্মচারীদের বেঁচে থাকার অধিকারের মধ্যে একটা সামঞ্জস্য থাকা প্রয়োজন। কৃষক, মজুর ও শ্রমিক সংগঠন, গৃহহীনদেরও প্রতিবাদ করার সমান অধিকার আছে।

উল্লেখ্য, অক্টোবরে যন্তর মন্তরে একদিন শান্তিপূর্ণ প্রতিবাদের আর্জি জানিয়ে ১৭ দিন ধরে ঐ জায়গা দখল করে রাখা হয়েছে বলে কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহেতা আদালতে জানালে বেঞ্চ এই মন্তব্য করে।

অন্যদিকে, আজকের শুনানিতে দিল্লির ব্যাবসায়ীদের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রতিবাদ আন্দোলনের ফলে কোটি কোটি টাকার ব্যাবসা মার খাচ্ছে। অবিলম্বে আগামী দুমাসের জন্য সমস্ত রকমের প্রতিবাদ বিক্ষোভের ওপর নিষেধাজ্ঞা আরোপের আবেদন জানিয়েছে তারা।

****

ফর্ম-৭ জমা দেওয়ার ক্ষেত্রে তৃণমূল কংগ্রেস, কংগ্রেস এবং বামফ্রন্ট একযোগে নতুন নিয়মের বিরোধিতা করেছে। ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন - এসএসআর নিয়ে মুখ্য নির্বাচনী আধিকারিকের ডাকা সর্বদলীয় বৈঠক শেষে তাঁদের অভিযোগ, নতুন নিয়মে একটি বিধানসভা কেন্দ্রের যে কোনও ব্যক্তি ১০টি করে ফর্ম-৭ জমা দিয়ে ভোটারদের নাম বাদ দেওয়ার আবেদন করতে পারবেন। এর ফলে ভোটার তালিকা থেকে প্রকৃত ভোটারদের বাদ দেওয়ার পথ প্রশস্ত হবে বলে তাদের দাবী। তবে বিজেপি এই অভিযোগ খারিজ করে জানিয়েছে, ভোটার তালিকার অসঙ্গতি দূর করতেই এই প্রক্রিয়া প্রয়োজন। বৈঠকের পর মমতা ব্যানার্জি পন্থী তৃণমূল কংগ্রেসের নেতা কুণাল ঘোষ বলেন, এসআইআর প্রক্রিয়ায় বিবেচনাধীন যোগ্য ভোটারদের সমস্যা না মিটিয়েই নতুন এসএসআর শুরু করা হচ্ছে। এক্ষেত্রে ফর্ম-৭-এর অপব্যবহার করা হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি। আশুতোষ চট্টোপাধ্যাযের নেতৃত্বে কংগ্রেসের প্রতিনিধিদলও ফর্ম-৭-এর নতুন নিয়মের বিরোধিতা করে বলে, ভুয়ো আপত্তি ও আবেদন জমা পড়ায় কলকাতায় প্রায় ১ লক্ষ ২০ হাজার এবং হাওড়ায় ৩৯ হাজার ভোটারদের নাম বাদ পড়ার আশঙ্কা রয়েছে। এদিকে, এসএসআর কার্যত একটি গণহারে ভোটার বাদ দেওয়ার প্রকল্পে পরিণত হয়েছে বলে বামফ্রন্ট নেতা পলাশ দাস অভিযোগ করেন। অন্যদিকে, বিজেপির প্রতিনিধি শিশির বাজোরিয়া বিরোধীদের অভিযোগ খারিজ করে দিয়ে বলেন, ভোটার তালিকা শুদ্ধ করার স্বার্থেই এই উদ্যোগ নেওয়া হয়েছে এবং তা নির্বাচন কমিশনের নিয়ম মেনেই হচ্ছে।

****

কলকাতার পুর ভোট নিয়ে পুরসভার কমিশনার, প্রশাসক স্মিতা পান্ডে, আজ এক সর্বদলীয় বৈঠকে পৌরহিত্য করেন। পুর ভবনে আয়োজিত ওই বৈঠকে, কংগ্রেস, বিজেপি ও বাম প্রতিনিধিরা অংশ নিলেও, তৃণমূল কংগ্রেসের দুই শিবিরের কোন প্রতিনিধিই

সেখানে উপস্থিত ছিলেন না। শ্রীমতী পান্ডে বলেন, আগামী ১৩'ই নভেম্বরের মধ্যে কলকাতায় পুরভোটের জন্য ভোট কেন্দ্র স্থির করা হবে। ৩৯টি নতুন ও শিফটিং পোলিং স্টেশনের প্রস্তাব দেওয়া হয়েছে। এবিষয়ে কোনো আপত্তি থাকলে, তা' আগামী ১০ তারিখের মধ্যে জানাতে হবে বলেও তিনি উল্লেখ করেন।

এদিকে, আজকের বৈঠকে একাধিক বিষয় নিয়ে দাবী পেশ করেন, বিরোধী দলের সদস্যরা।

****

আজকের প্রসঙ্গে এবারের বিষয়- **'অঙ্গদান ও দেহদানে'র গুরুত্ব**। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ, চিকিৎসক কাজল কৃষ্ণ বণিকের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আজ শুনবেন প্রথম পর্ব। আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন এই স্থানীয় সংবাদের পরই (রাত আটটায়) গীতাঞ্জলি DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

****

গঙ্গাসাগর মেলাকে আন্তর্জাতিক মানে পৌঁছে দিতে একগুচ্ছ পরিকল্পনা নিয়েছে রাজ্য সরকার। নবান্ন সূত্রে খবর, রাজ্যে প্রবেশের পর থেকে পুণ্যস্নান সেরে ফিরে যাওয়া পর্যন্ত গোটা যাত্রাপথে পুণ্যার্থীদের জন্য সমন্বিত পরিষেবার ব্যবস্থা করা হবে। যাতায়াত, থাকা, খাওয়া-সহ অধিকাংশ পরিষেবাই বিনামূল্যে দেওয়ার পরিকল্পনা রয়েছে। প্রায় ২০ লক্ষ অত্যাধুনিক টেন্ট তৈরির পরিকল্পনা করা হয়েছে, যেখানে বিনামূল্যে থাকার সুযোগ পাবেন পুণ্যার্থীরা। কলকাতা থেকে বিনামূল্যে বাস পরিষেবা, অতিরিক্ত লঞ্চ, রেলের বিশেষ পরিষেবা, উন্নতমানের ভাণ্ডারা, বিশুদ্ধ পানীয় জল, পৃথক স্নানঘাট এবং কপিলমুনি আশ্রমে সুশৃঙ্খল দর্শনের ব্যবস্থাও করা হচ্ছে।

****

বিশ্বব্যাপী রাজনৈতিক ও অর্থনৈতিক সমস্যার মধ্যেও ভারতের গড় অভ্যন্তরীণ উৎপাদন এর বৃদ্ধি অনেকটাই বেশি ও ভারত বিশ্বের অন্যতম বৃহত্তম ক্রমবর্ধমান অর্থনীতির দেশ হিসেবে পরিগণিত হচ্ছে বলে প্রধানমন্ত্রী অর্থনৈতিক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান এস

মহেন্দ্র দেব মন্তব্য করেছেন। বরানগরে ইন্ডিয়ান স্ট্যাটিসটিকাল ইনস্টিটিউটে আজ দুদিনের ইন্ডিয়ান অফিসিয়াল স্ট্যাটিস্টিকস কনক্লেভ অন থিওরেটিক্যাল অ্যান্ড এমপিরিক্যাল ইস্যুজ শীর্ষক আলোচনার উদ্বোধন করে সাংবাদিকদের তিনি বলেন, গত তিন বছর ধরে ভারতের গড় অভ্যন্তরীণ উৎপাদন এর হার বার্ষিক প্রায় ৭ শতাংশ। শেষ ত্রৈমাসিকে এটা ছিলো ৭.৮ শতাংশ। পশ্চিম এশিয়ার যুদ্ধ ও মার্কিন যুক্তরাষ্ট্র ভারতীয় পণ্যের উপর শুল্ক চাপালেও জিডিপি বৃদ্ধির হারে নড়চড় হয়নি বলে মত প্রকাশ করেন তিনি।

****

হাওড়ার বাসিন্দা চুমকি রায় মৃত্যুর মুখেও মানবিকতার এক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছেন। পথ দুর্ঘটনায় ‘ব্রেন ডেড’ ঘোষিত হওয়ার পর, তাঁর পরিবারের সম্মতিতে লিভার, কিডনি ও কর্নিয়া দান করা হয়। অঙ্গ প্রতিস্থাপনের ফলে তিনজন নতুন জীবন পাওয়ার সুযোগ পেয়েছেন। একইসঙ্গে কর্নিয়া দানের জন্য আরও দুজনের দৃষ্টিশক্তি ফিরে আসার সম্ভাবনা তৈরি হয়েছে।

উল্লেখ্য, গত ২৬ অক্টোবর বিজন সেতুর কাছে পথ দুর্ঘটনায় গুরুতর জখম হন চুমকি। তাঁকে বাইপাসের ধারে একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হলেও তিনি চিকিৎসায় সাড়া দেননি। ‘ব্রেন ডেথ’ হওয়ায় অঙ্গদানের সিদ্ধান্ত নেওয়া হলে, হাসপাতাল কর্তৃপক্ষ জাতীয় ও রাজ্য অঙ্গ ও কলা প্রতিস্থাপন সংগঠন NOTTO এবং SOTTO-কে জানিয়ে অঙ্গ সংগ্রহের ব্যবস্থা করে। অঙ্গদানের সিদ্ধান্তের পাশাপাশি মেয়ের বিয়ের বিষয়টিও গুরুত্বের সঙ্গে বিবেচনা করেন হাসপাতাল কর্তৃপক্ষ। মায়ের শেষ ইচ্ছে পূরণের জন্য অঙ্গ সংগ্রহ প্রক্রিয়া শুরুর আগে হাসপাতাল কর্তৃপক্ষ বিয়ের অনুষ্ঠানের আয়োজন করে। অঙ্গদাতার প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতে অস্ত্রপচার কক্ষে নিয়ে যাওয়ার সময় তাকে ‘গার্ড অফ অনার’-ও দেওয়া হয়।

****

পশ্চিম বর্ধমানের **আসানসোলের** রূপনারায়নপুরে, পড়া না করার জন্য প্রথম শ্রেণীর এক ছাত্রীকে মারধোরের অভিযোগ উঠেছে এক টিউশন শিক্ষিকার বিরুদ্ধে। শিশুটির শরীরে

একাধিক আঘাতের চিহ্ন দেখতে পেয়ে তার মা বাবা থানায় অভিযোগ দায়ের করেন। যদিও অভিযোগ অস্বীকার করেছেন ওই শিক্ষিকা। পুলিশ তাকে জিজ্ঞাসাবাদ করছে।

এদিকে, ওই জেলারই **হীরাপুর** থানার ধ্রুব ডাঙ্গাল এলাকায় ১০ বছরের এক নাবালককে যৌন নির্যাতনের অভিযোগ উঠেছে শিক্ষকের বিরুদ্ধে। জানা গেছে, পড়াশোনায় পিছিয়ে থাকার অজুহাতে অতিরিক্ত ক্লাসের কথা বলে শিশুটিকে নিজের বাড়িতে ডেকে নিয়ে যেতেন ওই শিক্ষক। সেখানেই তাকে নির্যাতন চালানো হত বলে অভিযোগ। পুলিশ আজ ঘটনাস্থলে পৌছলে, স্থানীয় বাসিন্দারা ক্ষোভে ফেটে পড়েন। বেধড়ক মারধোর করা হয় অভিযুক্তকে। তাকে পুলিশ হেফাজতে নিয়ে তদন্ত শুরু হয়েছে।

****

কলকাতা বিমানবন্দরে মোস্ট ওয়ান্টেড সাইবার অপরাধী শেখ সাবিরকে গ্রেফতার করেছে অভিবাসন দপ্তর। একাধিক অপরাধের সঙ্গে যুক্ত শেখ সাবিরের বিরুদ্ধে লুক আউট নোটিশ জারী করা হয়। দীর্ঘদিন ধরেই তাঁকে খুঁজছিল কনার্টক পুলিশ ও সিআইডি।

****

ইডেনে রঞ্জি ট্রফির ম্যাচে বাংলার বিরুদ্ধে মহারাষ্ট্র প্রথম ইনিংসে ৬৪ রানে এগিয়ে গেছে। ২ উইকেটে ২১ রান নিয়ে আজ দ্বিতীয় দিনের খেলা শুরু করে মহারাষ্ট্র দিনের শেষে প্রথম ইনিংসে ৯ উইকেটে ২০৭ রান করেছে। তনয় সাংভি ৫৭, প্রদীপ দাধে ২২ রানে অপরাজিত আছেন। সৌরভ নাওয়ালে ২৮ রান করেছেন।

বাংলার হয়ে মহম্মদ শামি, মহম্মদ কাইফ তিনটি করে উইকেট নিয়েছেন। দুটি উইকেট নিয়েছেন শাহবাজ আহমেদ, একটি উইকেট নিয়েছেন সুরজ সিন্ধু জয়সওয়াল।

উল্লেখ্য, বাংলা প্রথম ইনিংসে করেছিলো ১৪৩ রান।

****